# কিশোরগঞ্জ উপজেলা পরিষদের নভেম্বর/২০২১ মাসের মাসিক সভার কার্যবিবরণী।

সভাপতি : জনাব শাহ্‌ মোঃ আবুল কালাম বারী
চেয়ারম্যান, উপজেলা পরিষদ,
কিশোরগঞ্জ, নীলফামারী।

স্থান : উপজেলা পরিষদ সম্মেলন কক্ষ, কিশোরগঞ্জ।
তারিখ : ১৬ নভেম্বর, ২০২১
সময় : বেলা-১২.০০ ঘটিকা।

সভায় উপস্থিত/অনুপস্থিত সদস্যবৃন্দের নামের তালিকা পরিশিষ্ট "ক" ও 'খ' তে দেখানো হলো।

সভাপতি উপস্থিত সকল সদস্যকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। অতঃপর তিনি উপজেলা নির্বাহী অফিসারকে সভা পরিচালনার জন্য অনুরোধ জানান। সভাপতির অনুরোধক্রমে উপজেলা নির্বাহী অফিসার সভার প্রারম্ভে উপস্থিত সকলকে স্বাগত জানান। প্রথমেই তিনি বিগত সভার কার্যবিবরণী পাঠ করে শোনান। শুনানী অন্তে কোন সংশোধনী না থাকায় তা সর্ব সম্মতিক্রমে দৃঢ়ীকরণ করা হয়।

বিভাগীয় আলোচনা ও গৃহীত সিদ্ধান্ত সমূহঃ

| ক্রঃ নং | বিভাগ/দপ্তর | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|---|
| ০১ | কৃষি বিভাগ | উপজেলা কৃষি কর্মকর্তা সভায় জানান যে, রোপা আমন ধান ৫০% এর বেশি কর্তন হয়েছে, আগামী এক সপ্তাহে অধিকাংশ ধান কর্তন হবে এবং ধানের ফলন ভাল হয়েছে। আগাম আলু এখন ৪০০০ হেক্টর জমিতে বপন সম্পন্ন হয়েছে। ২০২১-২২ অর্থ বছরে রবি মৌসুমে প্রণোদনা কর্মসূচির চলমান রয়েছে। এ মৌসুমে ৩০১৫ জন কৃষকের মাঝে গম, ভুট্টা, সরিষা,শীত কালীন পেঁয়াজ ও মুগ ফসলের বীজ ও সার বিতরণ করা হবে। সার মজুদ সন্তোষজনক এবং দাপ্তরিক কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে। কৃষকদেরকে পরামর্শ প্রদান কার্যক্রম অব্যাহত আছে। | মাঠ পর্যায়ের প্রান্তিক কৃষকদেরকে পরামর্শ প্রদান কার্যক্রম অব্যাহত রাখার জন্য উপজেলা কৃষি অফিসারকে অনুরোধ করা হয়। | উপজেলা কৃষি অফিসার |
| ০২ | স্বাস্থ্য বিভাগ | উপজেলা স্বাস্থ্য ও প: প: কর্মকর্তার পক্ষে মেডিকেল অফিসার এর প্রতিনিধি ডাঃ মোঃ রবিউল ইসলাম,ডেন্টাল সার্জন সভায় জানান যে, কোভিট-১৯ এর টিকাদান ও গণ টিকাদান কার্যক্রম চলমান স্বাভাবিক আছে। জনগণকে করোনা প্রতিরোধে স্বাস্থ্যবিধি মেনে চলাসহ করোনা টিকা গ্রহণে উদ্ধুদ্ধ করার জন্য সকলের সহযোগীতা কম্য। বিভাগীয় কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে। | জনগণকে করোনা প্রতিরোধে স্বাস্থ্যবিধি মেনে চলাসহ করোনা টিকা গ্রহণে উদ্ধুদ্ধ করার সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা স্বাস্থ্য ও পঃ পঃ অফিসার, সংশ্লিষ্ট সকল |
| ০৩ | প্রকৌশল বিভাগ | (ক) উপজেলা প্রকৌশলী সভায় জানান যে, ২০২১-২০২২ অর্থবছরে বার্ষিক উন্নয়ন কর্মসূচির ১ম, ২য় কিস্তি পাওয়া গেছে। (ক) উপজেলা নির্বাহী অফিসারের বাসভবনের বাউন্ডারী ওয়াল উচুঁকরণ ও গেট নির্মাণ এর প্রাক্কলন মূল্য =৪,৯৪,৪৯৫/-(চার লক্ষ্য চুরানব্বই হাজার চারশত পঁচানব্বই) টাকা অনুমোদন করা প্রয়োজন। প্রস্তুত হওয়ায় প্রকল্পটি বাস্তবায়ন করা হবে। বিধি মোতাবেক প্রকল্প গ্রহণ করা হবে। দাপ্তরিক কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে। | সভায় বিস্তারিত আলোচনান্তে "ক" প্রকল্পটি বাস্তবায়ন আরএফকিউ পদ্ধতিতে করা হবে। বার্ষিক উন্নয়ন কর্মসূচির প্রকল্প বিধি মোতাবেক গ্রহণ করা হবে। | ক) উপজেলা প্রকৌশলী ও সংশ্লিষ্ট সকল। |
| ০৪ | উপজেলা প্রাণি সম্পদ অফিস | উপজেলা প্রাণিসম্পদ অফিসার সভায় জানান যে- তাদের বিভাগীয় কার্যক্রম চলমান আছে। উচ্চ বাউন্ডারী ওয়াল সংস্কার/মেরামতের জন্য আবেদন জানান। এ প্রসঙ্গে উপজেলা নির্বাহী অফিসার জানান অফিসের উচ্চ বাউন্ডারী ওয়াল সংস্কার/ মেরামতের বিষয়ে বিভাগীয় কর্তৃপক্ষের দৃষ্টি আকর্ষণ করে পত্র প্রদানের পরামর্শ প্রদান করেন। | উপজেলা প্রাণিসম্পদ অফিসের বাউন্ডারী ওয়াল সংস্কার/ মেরামতের বিষয়ে সংশ্লিস্ট বিভাগীয় কর্তৃপক্ষের দৃষ্টি আকর্ষণ করে পত্র যোগাযোগের সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা প্রাণিসম্পদ অফিসার |
| ০৫ | উপজেলা মৎস্য অফিস | উপজেলা সভায় অবহিত করেন যে, তার দপ্তরের কার্যক্রম স্বাভাবিক রয়েছে। চলমান অর্থবছরে রাজস্ব খাতের আওতায় ৩ ব্যাচ প্রশিক্ষণের বরাদ্ধ পাওয়া গেছে। দ্রুত প্রশিক্ষণ কার্যক্রম শুরু করা হবে মর্মে সভায় জানান, তার দপ্তরের অন্যান্য কার্যক্রম সুষ্টু ও সুন্দরভাবে চলছে। | ৩ ব্যাচ প্রশিক্ষণের বিষয়টি নিয়ে আলোচনা করে প্রশিক্ষণের বিষয়ের সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা মৎস্য অফিসার |

চলমান পাতা-০২

| ক্রঃ নং | বিভাগ/দপ্তর | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|---|
| ০৬ | ত্রাণ ও দুযোগ ব্যবস্থাপনা শাখা | উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা সভায় অনুপস্থিত থাকায় তার দপ্তরের কার্যক্রম সম্পর্কে জানা গেল না। | পরবর্তী সভায় নিয়মিতভাবে উপস্থিত থাকার জন্য উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা বলা হলো। | উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা |
| ০৭ | উপজেলা সমাজসেবা অফিস | উপজেলা সমাজসেবা কর্মকর্তা সভায় জানান যে, শতভাগ কার্যক্রমের আওতায় বয়স্ক, বিধাবা ও প্রতিবন্ধি ভাতার সুবিধাভোগীদের চূড়ান্ত তালিকা থেকে এম আই এস সক্রিয় করা হয়েছে। তিনি আরও জানান যে, এ উপজেলায় ৯টি ইউনিয়নের প্রান্তিক জনগোষ্ঠীর ৯১৫ জনের অনলাইন জরিপ কাজ শেষ করা হয়েছে। প্রতিবন্ধি শিক্ষা উপবৃত্তির আবেদন গ্রহণ য যাচাই-বাছাই কার্যক্রম চলমান রয়েছে এবং ক্যাপিটাল গ্রান্ট থেকে অনুদান/ভাতা প্রাপ্ত মাদ্রাসা সমূহের তদন্ত কার্যক্রম চলমান আছে। | এ বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা করা হয় এবং সরকারী নির্দেশনা মোতাবেক প্রতিটি কার্যক্রম সুসম্পন্ন করার জন্য অনুরোধ জানান হয়। | উপজেলা সমাজসেবা অফিসার |
| ০৮ | প্রাথমিক শিক্ষা অফিস | উপজেলা প্রাথমিক শিক্ষা অফিসার সভায় জানান যে, এ উপজেলার প্রাথমিক বিদ্যালয়গুলোতে প্রত্যহ দুটো শ্রেনীর পাঠদান চলমান রয়েছে। এ বছর প্রাথমিক শিক্ষা সমাপনী পরীক্ষা অনুষ্ঠিত হবে না। বিদ্যালয়ে শিক্ষার্থীর মূল্যায়ন করা হবে। ২০২২ শিক্ষা বর্ষের জন্য পাঠ্যপুস্তক চলে এসেছে তা আগামী মাসে বিদ্যালয় ভিত্তিক বিতরণ করা হবে। অফিসের অন্যান্য কাযক্রম সুষ্টুভাবে চলছে। | সভায় বিষয় ব্যাপক আলোচনা করা হয় এবং সরকারী নির্দেশনা মোতাবেক কাযক্রম সম্পন্ন করার জন্য অনুরোধ জানান হয়। | উপজেলা প্রাথমিক শিক্ষা অফিসার |
| ০৯ | পরিবার পরিকল্পনা বিভাগ | উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা(অঃদাঃ) সভায় জানান যে, অক্টোবর/২০২১ মাসে এ উপজেলা নিম্নোক্ত তথ্য সভায় উপস্থাপন করেন। খাবার বড়ি (সুখি) ১৬৬২৮চক্র, (আপন) ৫২৭ চক্র, কনডম-৫৪০৬ (পিস), ইনজেকটেবলঃ ১৫৩৮, (ভায়াল) বিতরণ করা হয়েছে। স্থায়ী পদ্ধতি গ্রহণকারী পুরুষ-০১জন, ও মহিলা-১২ জন, ইমপ্লান্টঃ ১৫২জন, ও আই ইউ ডি ২৪ জনকে সেবা প্রদান করা হয়েছে। মোট সক্ষম দম্পতির সংখ্যা-৫৪৭৫৪ জন, মোট পদ্ধতি গ্রহণকারী-৪৩৮৪৪ জন। গর্ভবতী মায়ের সেবা প্রদান করা হয়েছে-১৪০৭ জনকে। অফিসের অন্যান্য কার্যক্রম সুষ্টুভাবে চলছে। | সরকারী টার্গেট মোতাবেক কার্যক্রম সম্পন্ন করার জন্য অনুরোধ করা হয়। | উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা |
| ১০ | মহিলা বিষয়ক অফিস | উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা সভায় জানান যে, তার দপ্তরের কার্যক্রম সুষ্টুভাবে চলমান রয়েছে। নভেম্বর/২১ মাসের ভিজিডি'র ডিও প্রদান করা হয়েছে। ১৭/১১/২০২১ তারিখের মধ্যে ০৯ টি ইউনিয়নে চাল বিতরণ সম্পন্ন করা হবে মর্মে সভায় অবহিত করেন। | সরকারী নীতিমালা অনুযায়ী যথাসময়ে নির্ধারিত কার্যক্রম সম্পন্ন করার জন্য অনুরোধ করা হয়। | ১। উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা<br>২। সংশ্লিষ্ট সকল |
| ১১ | যুব উন্নয়ন অফিস | উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা সভায় জানান যে, তার দপ্তরের কার্যক্রম সুষ্টুভাবে চলমান রয়েছে। তিনি আরও জানান যে, চলতি মাসে ১টি ব্যাচে ৩০ জন যুব মহিলার প্রশিক্ষণ সমাপ্ত করা হয়েছে। ০১ নভেম্বর/২০২১ মাসে জাতীয় যুব দিবস উপলক্ষে ১৩ জনকে ৩,৯০,০০০/- (তিন লক্ষ নব্বই হাজার) টাকা ঋণ বিতরণ করা হয়েছে। | সরকারী নীতিমালা অনুযায়ী যথাসময়ে নির্ধারিত কার্যক্রম সম্পন্ন করার জন্য অনুরোধ করা হয়। | উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা |
| ১২ | জনস্বাস্থ্য প্রকৌশল অফিস | উপ-সহঃ প্রকৌশলী (জনস্বাস্থ্য) সভায় জানান যে, এ উপজেলায় মুজিব শতবর্ষ উপলক্ষে ১ম ও ২য় পর্যায়ে নির্মিত ৩১০টি ঘরে প্রতি ১০টি পরিবারের জন্য ০১টি করে মোট ২৮টি অগভীর নলকুপ স্থাপনের কাজ সম্পন্ন করা হয়ছে এছাড়া তার দপ্তরের অন্যান্য কার্যক্রম সুষ্টুভাবে চলমান রয়েছে। | সরকারী নির্দেশনা মোতাবেক কার্যক্রম পরিচালনার জন্য অনুরোধ করা হয়। | উপ-সহঃ প্রকৌশলী (জনস্বাস্থ্য) |
| ১৩ | সমবায় বিভাগ | উপজেলা সমবায় কর্মকর্তা সভায় জানান যে, তার দপ্তরের নিয়মিত কার্যক্রম সমিতি নিবন্ধন, সমবায়ীদের প্রশিক্ষণ, অডিট, সমিতি তদারকী, সমিতির নির্বাচন ইত্যাদি সুষ্টুভাবে সম্পন্ন হচ্ছে। এছাড়া তিনি জানান যে, গত সেপ্টেম্বর/২০২১ মাসের মাসিক সমন্বয় সভায় সমবায় দপ্তরের জন্য একটি টয়লেট নির্মাণ করার সিদ্ধান্ত গৃহীত হয়, কিন্তু অদ্যাবদি তা শুরু করা হয়নি। এ বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য সদয় কর্তৃপক্ষের নিকট বিনীতভাবে অনুরোধ জানান। | | উপজেলা সমবায় কর্মকর্তা |

চলমান পাতা-০৩

| ক্রঃ নং | বিভাগ/দপ্তর | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|---|
| ১৪ | পল্লী উন্নয়ন বিভাগ | উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা সভায় জানান যে, তার দপ্তরের নিয়মিত কার্যক্রমের আওতায় শেয়ার ০.৩০ (ত্রিশ লক্ষ) টাকা, সঞ্চয়-০.৭০( সায়াত্তর লক্ষ) টাকা, ঋণ বিতরণ-২১.৬০ লক্ষ টাকা, ঋণ আদায়-১৯.৫৭ লক্ষটাকা, উদকনিক প্রকল্পের ২২তম ব্যাচের প্রশিক্ষণ কার্যক্রম চলমান রয়েছে এবং অন্যান্য কার্যক্রম সুষ্টুভাবে চলমান রয়েছে। | বিভাগীয় কাজ সুষ্ঠভাবে সম্পুন্ন করার জন্য অনুরোধ করা হয়। | উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা |
| ১৫ | বন ও পরিবেশ অধিদপ্তর | উপজেলা বন কর্মকর্তা সভায় জানান যে, তার দপ্তরের কার্যক্রম সুষ্টুভাবে চলমান রয়েছে। | সরকারী নীতিমালা অনুযায়ী কার্যক্রম সম্পন্ন করার জন্য অনুরোধ করা হয়। | উপজেলা বন কর্মকর্তা |
| ১৬ | মাধ্যমিক শিক্ষা অফিস | উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা সভায় জানান যে, এসএসসি /দাখিল/কারিগরী সমমান পরীক্ষা/২০২১ স্বাস্থ্য বিধি মেনে সুষ্ঠুভাবে অনুষ্ঠিত হচ্ছে। পরীক্ষা সংক্রান্ত বিষয়ে কোন অভিযোগ নাই এবং দপ্তরের অন্যান্য কার্যক্রম সুষ্টুভাবে চলমান রয়েছে। | এসএসসি/দাখিল/কারিগরী সমমান পরীক্ষা/২০২১ স্বাস্থ্য বিধি মেনে সুষ্ঠুভাবে সম্পুন্ন করার অনুরোধ করা হয়। | উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা |
| ১৭ | উপজেলা রাজস্ব তহবিল | উপজেলা নির্বাহী অফিসার সভায় জানান যে, অফিস ও রাস্তার বৈদ্যুতিক মালামাল ক্রয় বাবদ ৮৫১৪/-(আট হাজার পাঁচশত চৌদ্দ) টাকা, বঙ্গবন্ধুর ম্যুরালে সার্চ লাইট ক্রয় বাবদ ৫৫০০/- (পাঁচ হাজার পাঁচশত) টাকা। ফুলের চারা ও গোবর সার ক্রয় ৯৫৫০/-(নয় হাজার পাঁচশত পঞ্চাশ) টাকা, প্রশাসনিক ভবনে লিখন বাবদ ৬০০০/-(ছয় হাজার) টাকা এবং ৩/এ ও ৩/বি সম্পূন্ন বিদ্যুৎ লাইন পরিবর্তন বাবদ ২৪,৯৮৪/-(চব্বিশ হাজার নয়শত চুরাশি) টাকা এবং ৩/সি ও ডি/এ বিদ্যুৎ পরিবর্তন ২৪,৯৮৪/-(চব্বিশ হাজার নয়শত চুরাশি) টাকা ব্যয় হয়েছে । উপজেলা পরিষদের নিরাপত্তার জন্য সিসি ক্যামেরা স্থাপন বাবদ ৯৫,০০০/- (পঁচানব্বই হাজার) টাকা ব্যয় করা হয়েছে। উপজেলা চেয়ারম্যান মহোদয়ের অক্টোবর/২১ মাসের সম্মানী ভাতা-৪০,০০০/(চল্লিশ হাজার) টাকা,ভাইস চেয়ারম্যান সম্মানী ভাতা-২৭,০০০/-(সাতাই হাজার) টাকা, মহিলা ভাইস চেয়ারম্যান এর সম্মানী ভাতা ২৭,০০০/- (সাতাই হাজার) টাকা, আপ্যায়ন ব্যয় ৩০,০০০/(ত্রিশ হাজার) টাকা,আনুসাঙ্গিক ৫০০০/-(পাঁচ হাজার) টাকা,বিদ্যুৎ বিল মে/২০২১ হতে অক্টোবর/২১ পর্যন্ত ১,০৫,১৯২/(এক লক্ষ্য পাঁচ হাজার একশত বিরানব্বই) টাকা উপজেলা চেয়ারম্যান মহোদয়ের জীপ গাড়ীর জ্বালানী ১৯,৭৭৯/-(উনিশ হাজার সাত উনআশি) টাকা,দৈনিক ভিত্তিতে কর্মচারীর বেতন ২২,০০০/(বাইশ হাজার) টাকা,অস্থায়ী আনসারের বেতন মোট ৭৫০০/ (সাত হাজার পাঁচ শত) টাকা ব্যয় হয়েছে। উক্ত ব্যয় অনুমোদনের জন্য প্রস্তাব করেন। | ব্যয়সমূহ অত্যাবশ্যকীয় ও যৌক্তিক হওয়ায় ব্যয়সমূহ সমন্বয়ের জন্য অনুমোদন দেয়া হয়। | সংশ্লিষ্ট সকল। |
| ১৮ | বিবিধ | উপজেলা নির্বাহী অফিসার জানান যে, (ক) উপজেলা নির্বাহী অফিসারের বাসভবনের সংযোগ রাস্তা প্রাক্কলিত মূল্য= ১৬,৭৬,,৮২৪/-(ষোল লক্ষ্য ছেয়াত্তর হাজার আটশত চব্বিশ) টাকা। (খ) উপজেলা পরিষদের কোয়াটারে অভ্যন্তরীণ ইউনি ব্লক রাস্তা প্রাক্কলিত মূল্য= ১৮,৩৫,৬০০/-(আটারো লক্ষ্য পয়ত্রিশ হাজার ছয়শত) টাকা। প্রকল্প ০২ (দুই) টি বাস্তবায়নের স্বার্থে প্রাক্কলিত অর্থের বরাদ্দ এডিপি থোক হতে প্রদানের জন্য সিনিয়র সচিব,স্থানীয় সরকার বিভাগে পত্র প্রেরণের জন্য প্রস্তাব করেন। | প্রস্তাব ০২ (দুই) টি সম্পুন্ন যৌক্তিক ও অত্যাবশ্যকীয় হওয়ায় সংশ্লিষ্ট মন্ত্রণালয়ে ব্যয় অনুমতি প্রদানের জন্য পত্র প্রেরণের সিদ্ধান্ত গৃহীত হয়। | সংশ্লিষ্ট সকল। |
| ক) | তথ্য আপা | উপজেলা তথ্য আপা প্রকল্প ২য় পর্যায় তথ্য কেন্দ্র, কিশোরগঞ্জ নীলফামারী সভায় জানান যে, তার দপ্তরের সকল কাযক্রম সরকারী নীতিমালার আলোকে সুষ্টুভাবে চলছে অন্য কোন সমস্যা নাই। | সরকারের লক্ষ্য বাস্তবায়নে কাজ করার জন্য পরার্মশ দেয় হয়। | উপজেলা তথ্য আপা প্রকল্প |
| খ) | আনসার ও ভিডিপি | উপজেলা আনসার ভিডিপি সভায় জানান যে, তার কার্যালয়ের যাবতীয় কার্যক্রম সঠিকভাবে চলছে। বিভিন্ন কারিগরী প্রশিক্ষণ যেমন কম্পিউটার প্রশিক্ষণ-০২জন, সেলাই প্রশিক্ষণ-০১জন মহিলা, ড্রাইভিং প্রশিক্ষণ-০১ জন (পুঃ) কে দিনাজপুর আনসার ভিডিপির প্রশিক্ষণ কেন্দ্রে প্রেরণ করা হয়েছে। প্রশিক্ষণ প্রাপ্ত সদস্য/সদস্যাগণকে আগামী ২৮ নভেম্বর/২০২১ ইউপি নির্বাচনে আইন শৃঙ্খলা রক্ষার্থে নিয়োগ দেয়ার কার্যক্রম প্রক্রিয়াধীন রয়েছে। এছাড়া তার দপ্তরের বিভাগীয় অন্যান্য কার্যক্রম চলমান রয়েছে। | আগামী ২৮শে নভেম্বর স্থানীয় সরকার নির্বাচনে আইন শৃঙ্খলা রক্ষার্থে সরকারী নির্দেশনা মোতাবেক কার্যক্রম পরিচালনার জন্য অনুরোধ করা হয়। | উপজেলা আনসার ভিডিপি |

| ক্রঃ নং | বিভাগ/দপ্তর | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|---|
| গ) | পল্লী দারিদ্র বিমোচন ফাউন্ডেশন | উপজেলা পল্লী দারিদ্র বিমোচন ফাউন্ডেশন কর্মকর্তা সভায় জানান যে, বাংলাদেশ সরকারের মাননীয় প্রধানমন্ত্রী কর্তৃক ঘোষিত কোভিড-১৯ এর প্রনোদণা ঋণ কর্মসূচীর লক্ষমাত্রা ২০.৫০ লক্ষ টাকা, কিন্তু নতুন কোন বরাদ্দ পাওয়া যায়নি। বরাদ্দ পাওয়া মাত্রই উক্ত কাযক্রম শুরু করা হবে মর্মে সভায় অবহিত করেন। ক্ষুদ্র ঋণের আওতায় সমিতির মাধ্যমে ঋণ বিতরণ-৮০.০০ লক্ষ টাকা, আদায়ের হার-৯০% * নারী উদ্যোক্তার জন্য ঋণ বিতরণ-৯৯.০০ লক্ষ টাকা, আদায়ের হার ৮৮%। * ক্ষুদ্র উদ্যোক্তা ঋণ বিতরণ ৩১.২০ লক্ষ টাকা, আদায়ের হার ৯০%। এছাড়া তার দপ্তর চলমান কার্যক্রম সুন্দরভাবে চলমান রয়েছে। | সরকারী নীতিমালা অনুযায়ী কার্যক্রম সম্পন্ন করার জন্য অনুরোধ করা হয়। | উপজেলা পল্লী দারিদ্র বিমোচন ফাউন্ডেশন |

সভায় আর কোন আলোচনা না থাকায় উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষনা করা হয়।

16.11.21

( শাহ্ মোঃ আবুল কালাম বারী )
চেয়ারম্যান
উপজেলা পরিষদ
কিশোরগঞ্জ,নীলফামারী।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়
কিশোরগঞ্জ, নীলফামারী।
unokishoganjnilphamari@mopa.gov.bd

স্মারক নং-০৫.৪৭.৭৩৪৫.০০১.৪৬.০৪১.২১-১৩৩৪ তারিখঃ ১৬/১১/২০২১খ্রিঃ।

সদয় অবগতি/অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলোঃ

০১। মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০২। মাননীয় জাতীয় সংসদ সদস্য, নীলফামারী-০৪
০৩। সচিব, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০৪। বিভাগীয় কমিশনার, রংপুর বিভাগ, রংপুর।
০৫। জেলা প্রশাসক, নীলফামারী।
০৬। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, কিশোরগঞ্জ, নীলফামারী।
০৭। ভাইস চেয়ারম্যান (পুরুষ/মহিলা), উপজেলা পরিষদ, কিশোরগঞ্জ, নীলফামারী।
০৮। উপজেলা ........................................ কর্মকর্তা, কিশোরগঞ্জ, নীলফামারী।
০৯। চেয়ারম্যান ........................................ (সকল) ইউপি, কিশোরগঞ্জ, নীলফামারী।
১০। অফিস কপি।

16.11.2021

(মোঃ নবীরুল ইসলাম)
উপজেলা নির্বাহী অফিসার
ও
মুখ্য নির্বাহী কর্মকর্তা
উপজেলা পরিষদ
কিশোরগঞ্জ, নীলফামারী।